

## ২.৪ আলোচ্য বিষয় ১.৩ : DRR (দুর্যোগ ঝুঁকি হ্রাসকরণ) এবং CCA (জলবায়ু পরিবর্তনজনিত উপযোগীকরণ) সার্বিকরূপ এবং উপস্থাপনা



### অনুঘটক: আবহাওয়া কর্মীদের জন্য প্রশিক্ষণ মডিউল

#### সাব-মডিউল ১

দুর্যোগ ঝুঁকি হ্রাসকরণ (DRR) এবং জলবায়ু পরিবর্তনজনিত উপযোগীকরণ (CCA) এর মৌলিক বিষয়সমূহ

আলোচ্য বিষয় ১.৩ : দুর্যোগ ঝুঁকি হ্রাসকরণ এবং জলবায়ু পরিবর্তনজনিত উপযোগীকরণ

#### রূপরেখা (Outline)

এ অনুঘটক (catalyst) প্রশিক্ষণ মডিউলটি যে সমস্ত মধ্যম পর্যায়ের আবহাওয়াকর্মী জলবায়ু পরিবর্তনজনিত দুর্যোগ ঝুঁকি হ্রাসকরণ কর্মকাণ্ডে কর্মরত তাদের সক্ষমতা (capacity) বৃদ্ধির জন্য প্রস্তুত করা হয়েছে। DRR বা দুর্যোগ ঝুঁকি হ্রাসকরণ এবং CCA বা জলবায়ু পরিবর্তনজনিত উপযোগীকরণ আলোচ্য বিষয়টি দুর্যোগ ঝুঁকি হ্রাসকরণ ও জলবায়ু পরিবর্তনজনিত উপযোগীকরণের মৌলিক বিষয়ের ৩য় অংশ এবং সাব-মডিউল দুর্যোগ ঝুঁকি হ্রাসকরণ (১.১) এবং জলবায়ু পরিবর্তনজনিত উপযোগীকরণ (১.২) -আলোচ্য বিষয়ের উপর ভিত্তি করে প্রস্তুত করা হয়েছে।

এ আলোচ্য বিষয়টি বিভিন্ন অবস্থায় DRR বা দুর্যোগ ঝুঁকি হ্রাসকরণ এবং CCA বা জলবায়ু পরিবর্তনজনিত উপযোগীকরণ এর মধ্যে যোগসূত্রিতা সৃষ্টি করবে। এতে উল্লেখ আছে যে, যেখানে স্থানীয় পর্যায়ে দুর্যোগ আঘাত হানে সেখানে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে গবেষণা এবং নীতি নির্ধারণ হয়। এতে আবহাওয়া কর্মীদের ভূমিকা কঠিন হয়ে দাঁড়ায়। আবহাওয়াকর্মীগণ তাদের কর্মকাণ্ডে যে সমস্ত সুযোগ সুবিধা পেয়ে থাকেন অথবা বাধার সম্মুখীন হন তা এতে চিহ্নিত করা হয়েছে। ফলশ্রুতিতে দুর্যোগ ঝুঁকি হ্রাসকরণ এবং জলবায়ু পরিবর্তনজনিত উপযোগীকরণ -এ আবহাওয়াকর্মীদের ভূমিকা এবং কার্যাবলী নির্ধারিত করা হয়েছে। একইসঙ্গে নীতি নির্ধারণ, উপযোগীকরণ কৌশল এবং পরিকল্পনা প্রণয়নের বিষয়সমূহের তাদের অবদানের দিকগুলোও আলোকপাত করা হয়েছে। অবশেষে একটি কেস স্টাডি উপস্থাপনের মাধ্যমে আবহাওয়া কর্মীগণ স্থানীয় পর্যায়ে দীর্ঘমেয়াদী উপযোগীকরণ পরিকল্পনায় কিভাবে অবদান রাখতে পারেন তা দেখানো হয়েছে।

#### শিক্ষণের উদ্দেশ্য (Learning Objective)

- DRR বা দুর্যোগ ঝুঁকি হ্রাসকরণ এবং CCA বা জলবায়ু পরিবর্তনজনিত উপযোগীকরণ এর যোগসূত্রিতার মূল বিষয়গুলো জানা।
- স্থানীয় পর্যায়ের বিষয়সমূহ জাতীয় পর্যায়ের সাথে সম্পর্ক, পরিচালনা ও গবেষণার জন্য যোগসূত্র স্থাপনের গুরুত্ব অনুধাবন করা।

#### প্রশিক্ষণের জন্য সম্পদ (Teaching Resources)

- উপস্থাপনের জন্য স্লাইড
- অনলাইন ব্যবহারকারীদের জন্য ব্যাখ্যামূলক নোট স্লাইড
- বক্তৃতাকে আরো প্রাণবন্ত করার জন্য আলোচ্য প্রশ্নমালা
- বক্তৃতা সমাপনান্তে আলোচনার জন্য প্রশ্নমালা
- অধিক পাঠের জন্য Reference

আবহাওয়াকর্মীরা যাতে উন্নয়ন, ঝুঁকি ব্যবস্থাপনা এবং স্থানীয় ও জাতীয় পর্যায়ে জলবায়ু পরিবর্তনজনিত উপযোগীকরণের উপরে পারস্পরিক কর্মকাণ্ড করতে পারেন সে বিষয়ে তার মধ্যে অন্তর্দৃষ্টি শক্তি সৃষ্টি করা।

## নির্দেশনা(Guidance)

## পাঠের জন্য সুপারিশ

- ✚ বিষয়টি গুরুত্বপূর্ণ যে, এ মডিউলটি আলোচ্য বিষয় ১.১ DRR (দুর্যোগ ঝুঁকি হ্রাসকরণ) এবং ১.২ CCA (জলবায়ু পরিবর্তনজনিত উপযোগীকরণ) পরিচিতি এরপর উপস্থাপন করা হয়েছে। এ মৌলিক আলোচ্য বিষয়গুলো এক সঙ্গে পরবর্তীতে অনুঘটক (catalyst) সাব-মডিউলের জন্য জ্ঞান বৃদ্ধি করবে।
- ✚ এ আলোচ্য বিষয়টিতে অনেক কিছু আছে যা থেকে আবহাওয়াকর্মীগণ কোর্স চলাকালীন আলোচনা করতে পারবেন; যা ব্যাখ্যামূলক নোটে চিহ্নিত করা আছে। যেমন, যখন “অংশগ্রহণকারীদের জন্য প্রশ্রাবলী” দেখা হবে তখন এগুলো দেখা যাবে।
- ✚ ব্যাখ্যামূলক নোটে এর প্রণেতা কিভাবে স্লাইডসমূহ উপস্থাপন করবেন তার উল্লেখ আছে। একজন প্রশিক্ষক অথবা বক্তা হিসেবে এ বিষয়ে গৃহিত ব্যবস্থার উপর আপনি একমত নাও হতে পারেন, এ ব্যাপারে আপনি আপনার সুবিধামত উপস্থাপনা ও আলোচনা করতে পারেন। আপনি যদি এগুলো ব্যবহার করেন তবে দয়া করে উৎস হিসেবে উল্লেখ করবেন : Jaspers A. et.al. (2013) Climate Change Adaptation. CATALYST Online Training Module for Practitioners. Version 1.0.

- ✚ ADPC, 2013. Integrating Disaster Risk Management into Climate Change Adaptation. Disaster Risk Management Practitioner's Handbook Series. Bangkok.
- ✚ Hellmuth M.E., Mason S.J., Vaughan C., van Aalst M.K. and Choularton R. (eds) 2011. A Better Climate for Disaster Risk Management. International Research Institute for Climate and Society (IRI), Columbia University, New York, USA. [Online] URL: [http://portal.iri.columbia.edu/portal/server.pt/gateway/PTARGS\\_0\\_5643\\_7757\\_0\\_0\\_18/CSP3\\_Final.pdf](http://portal.iri.columbia.edu/portal/server.pt/gateway/PTARGS_0_5643_7757_0_0_18/CSP3_Final.pdf)
- ✚ IPCC (2012) Managing the Risks of Extreme Events and Disasters to Advance Climate Change Adaptation. A Special Report of Working Groups I and II of the Intergovernmental Panel on Climate Change. Cambridge University Press, Cambridge, UK, 582 pp., 2012.
- ✚ Jaspers, A., Maat H., Shah, R., 2012. Capacity building Climate proofing Udaipur. Alterra, Wageningen
- ✚ Mitchel, T and van Aalst. 2008. Convergence of Climate Change reduction and Climate Change Adaptation. United Nations International Strategy for Disaster Reduction
- ✚ UNISDR. 2011 & 2013. Global Assessment report on Disaster Risk Reduction, Geneva
- ✚ NeWater online curriculum on Adaptive River Basin Management. NeWater Project Contract No. 511179 GOCE <http://www.newatereducation.nl/>